



তথ্যবিবরণী

নম্বর- ০২০

রাজশাহীতে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন হলো আজ

রাজশাহী; ১৬ শ্রাবণ (৩১ জুলাই):

আজ বুধবার (৩১ জুলাই) রাজশাহীতে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়। সকাল ১০ টায় জেলা প্রশাসন কার্যালয় চত্বরে একটি বর্ণাঢ্য র্যালি শেষে বেলুন-ফেস্টুন উড়িয়ে প্রধান অতিথি হিসেবে মৎস্য সপ্তাহের উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর। এবারের প্রতিপাদ্য- 'ভরবো মাছে মোদের দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ'।

পরে দিবসটি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় জেলা প্রশাসক শামীম আহমেদ ঐর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, রাজশাহী রেঞ্জ কার্যালয়ের পুলিশ সুপার (অপারেশনস) মোহাম্মদ মনিরুল ইসলাম, মৎস্য অধিদফতর রাজশাহী বিভাগের উপ-পরিচালক মো. আব্দুল ওয়াহেদ মন্ডল, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু সালেহ মো. আশরাফুল আলম।

রাজশাহী বিভাগীয় মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা সানজিদা খানমের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন, জেলা মৎস্য কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম। এছাড়াও আরো বক্তব্য রাখেন মৎস্য চাষি সাদিকুল ইসলাম ও শ্যামপুর মৎস্যজীবী সমিতির সভাপতি চাহার উদ্দিন।

আলোচনা সভায় বক্তারা বলেন, রাজশাহীতে চাহিদার তুলনায় অনেক বেশী মাছ উৎপাদন হয়। গত ২০২৩-২৪ অর্থবছরে এ জেলায় মাছের চাহিদা ছিল ৬৬ হাজার ২০৮ মেট্রিক টন। উৎপাদন হয়েছে এক লাখ আট হাজার ৪৯০ মেট্রিক টন। উদ্বৃত্ত উৎপাদন হয় ৪২ হাজার ২৮২ মেট্রিক টন। এছাড়া তাজা মাছ উৎপাদন ও বিক্রির ক্ষেত্রে দেশের মধ্যে রাজশাহী জেলা প্রথম অবস্থান ধরে রেখেছে।

অনুষ্ঠানে মৎস্য খাতে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ ছয়জন ব্যক্তি-প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়েছে। তারা হলেন- সাদ্দীদ ফিসারিজের স্বত্বাধিকারী মৎস্য চাষি সাদিকুল ইসলাম, মৎস্য চাষি আজিম উদ্দিন, মৎস্য চাষি রফিকুল ইসলাম, মৎস্যজীবী সংগঠক চাহার উদ্দিন, এসিআই গোদরেজ এগ্রোভেটের স্বত্বাধিকারী ফারায়েজুল হক আনসারী, সিনিয়র উপজেলা মৎস্য দফতর পবার ক্ষেত্র সহকারী মো. তারিক হোসেন।

উল্লেখ্য যে, ৩০ জুলাই হতে ৫ আগস্ট পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ পালিত হবে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৭.০০.ঘ.